

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
টিএ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ১৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ/১ সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

নং ১৮.০০.০০০০.০১৯.১৮.০০৮.১৯-১৫৬—বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন (নৌব্লুট, পারমিট, সময়সূচি ও ভাড়া নির্ধারণ) বিধিমালা, ২০১৯ এর বিধি ২৭ মোতাবেক সরকার নৌযানে যাত্রী পরিবহনের জন্য কিলোমিটার প্রতি সর্বোচ্চ ও সর্বনিম্ন যাত্রীভাড়া পুনর্নির্ধারণের লক্ষ্যে বিআইডব্লিউটিএ'র প্রস্তাবের পরিপ্রেক্ষিতে নিম্নরূপভাবে যাত্রীভাড়া পুনর্নির্ধারণ করলো :

- (ক) প্রথম ১০০ কিলোমিটার দূরত্বের জন্য প্রতি কিলোমিটারে জনপ্রতি যাত্রীভাড়া ৩.০০ টাকা হতে ০.১৫ টাকা হ্রাস করে ২.৮৫ টাকা নির্ধারণ;
 - (খ) প্রথম ১০০ কিলোমিটারের অধিক দূরত্বের জন্য প্রতি কিলোমিটারে জনপ্রতি যাত্রীভাড়া ২.৬০ টাকা হতে ০.১৫ টাকা হ্রাস করে ২.৪৫ টাকা নির্ধারণ;
 - (গ) জনপ্রতি সর্বনিম্ন ভাড়া ৩৩ টাকা হতে ৩ টাকা হ্রাস করে ৩০ টাকা নির্ধারণ।
- ২। জনস্বার্থে পুনর্নির্ধারিত এ ভাড়া ০১-০৯-২০২২ তারিখ রাত ১২:০০ টার পর হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোহাঃ আমিনুর রহমান
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৪৮৬৭)

মূল্য : টাকা ৪.০০